তারিখ ... 17 AUG 2016
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩

যুগান্তর

আজ সারা দেশে মানববন্ধন

# জঙ্গিবাদের বই প্রকাশ ও বিক্রি করবেন না পুস্তক ব্যবসায়ীরা

যুগান্তর রিপোর্ট

জঙ্গিবাদে উৎসাহিত হওয়ার মতো কোনো বই প্রকাশ ও বিক্রি না করার ঘোষণা দিয়েছেন পুস্তক প্রকাশক ও বিক্রেতারা। মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) এক সংবাদ সম্মেলনে তারা এ ঘোষণা দেন। একইসঙ্গে জঙ্গিবাদের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে তারা আজ সারা দেশে মানববন্ধন করবেন। পাশাপাশি বেশকিছু কর্মসূচি ঘোষণা করেন তারা। আজকের কর্মসূচি ঢাকায়

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## জঙ্গিবাদের বই প্রকাশ

(৩য় পৃষ্ঠার পর)

কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিত হবে।

জঙ্গিবিরোধী এ কর্মসূচির ডাক দিয়েছে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি (বাপুস)। এতে পুস্তক সংক্রান্ত আরও ৫টি সংগঠন একাত্মতা প্রকাশ করেছে। সংগঠনগুলো হচ্ছে— বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতি, বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি, বাংলাদেশ পেপার মার্চেন্ট অ্যাসোসিয়েশন এবং বাংলাদেশ পুস্তক বাঁধাই ব্যবসায়ী সমিতি। দুপুরে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বাপুস সভাপতি আরিফ হোসেন ছোটন। এসময় অন্য সমিতির নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন তোফায়েল খান, কামরুল হাসান শায়ক, শরীফ-উল-আলম, মাহবুবুল আলম মল্লিক, শ্যামল পাল, খান মাহবুব, আলমগীর মল্লিক, জহুরুল ইসলাম প্রমুখ। আরিফ হোসেন ছোটন বলেন, জঙ্গিবিরোধী এ কর্মসূচিতে সমিতির ২৫ হাজার সদস্যসহ সারা দেশে ২ লাখ মানুষ যোগ দেবেন। তোফায়েল খান বলেন, জঙ্গিবাদের বিরুদ্ধে ভবিষ্যতে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ব্যানার, বিলবোর্ড, প্ল্যাকার্ড, হ্যান্ডবিল বিতরণ করা হবে। কামরুল হাসান শায়ক বলেন, জঙ্গিবাদের বিরুদ্ধে ভবিষ্যতে ৬৪ জেলায় সেরা স্কুল-কলেজে বইমেলার আয়োজন করা হবে। শরীফ-উল আলম বলেন, জঙ্গিবাদের বিরুদ্ধে সচেতনতামূলক অনুষ্ঠান, সভা, সেমিনার, কর্মশালা ও সিম্পোজিয়াম আয়োজন করা হবে।